JAN. 2 3 2001

তারিখ ........
পৃষ্ঠা ২ .. ৫ কলাম ... ২ ......

দৈনিক ইত্তেফাক



*শিক্ষক-কর্মচারী ঐক্যজোট গতকাল ৬-দফা দাবী পূরণে স্মারকলিপি পেশের জন্য মিছিল সহকারে প্রধানমন্ত্রীর কার্যালয়ের দিকে যায় -ইত্তেফাক*

## ব্রাদার্স ইউনিয়ন ক্রিকেট ক্যাম্প আগামীকাল শুরু

ব্রাদার্স ইউনিয়ন ক্লাবের ক্রিকেট অনুশীলন মঙ্গলবার বিকালে (৩টায়) ক্লাব সংলগ্ন মাঠে শুরু হইবে। খেলোয়াড়দের যথাসময়ে মাঠে উপস্থিত থাকিতে বলা হইয়াছে। আসন্ন ক্রিকেট লীগে সাফল্যের লক্ষ্যে আজ বাদ মাগরিব এক মিলাদ মাহফিলের আয়োজন করা হইয়াছে। ক্লাবের সদস্য ও খেলোয়াড়দের মিলাদ মাহফিলে উপস্থিত থাকিতে বলা হইয়াছে। -প্রেঃ বিঃ

## প্রধানমন্ত্রীর কার্যালয়ে শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের স্মারকলিপি প্রদান

৬ দফা পূরণ ও ৯ দফার শিক্ষক স্বার্থ বিরোধী ধারাসমূহ বাতিলের দাবীতে গতকাল রবিবার শিক্ষক-কর্মচারী ঐক্য জোটের পক্ষ হইতে প্রধানমন্ত্রীর কার্যালয়ে স্মারকলিপি প্রদান করা হয়। পূর্বাহ্নে ঐক্যজোটের আহ্বায়ক অধ্যাপক এম শরীফুল ইসলামের সভাপতিত্বে মুক্তাঙ্গনে অনুষ্ঠিত এক সমাবেশে বক্তব্য রাখেন জোটের সমন্বয়কারী মোঃ সেলিম ভুঁইয়া, অধ্যক্ষ ইসহাক হোসেন, অজিত কুমার সরকার প্রমুখ। সমাবেশ শেষে মিছিল সহকারে প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখে যাত্রাকালে শিশু পার্কের সম্মুখে পুলিশ ব্যারিকেড দেয়। ইহাতে সমন্বয়কারী মোঃ সেলিম ভুঁইয়ার নেতৃত্বে শিক্ষক-কর্মচারীদের একটি প্রতিনিধিদল প্রধানমন্ত্রীর কার্যালয়ে গিয়া ডিজি প্রশাসনের নিকট স্মারকলিপি প্রদান করেন। আজ সোমবার শিক্ষক-কর্মচারী ঐক্য জোট তাহাদের দাবীর পক্ষে সকাল ১০টায় প্রেসক্লাবের সম্মুখে এক মানব বন্ধন কর্মসূচী গ্রহণ করিয়াছে। -প্রেস বিজ্ঞপ্তি